# যশোরে বিএনপি-জামায়াতের ধাওয়া-পাল্টাধাওয়া, আহত ৯



সংগৃহীত ছবি

যশোরের অভয়নগর উপজেলার বাঘুটিয়া ইউনিয়নের ভাটপাড়া বাজার এলাকায় বিএনপি ও জামায়াতের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষে অন্তত নয়জন আহত হয়েছেন। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) বিকেলে এ ঘটনা ঘটে।

LENS ASIA

স্থানীয় সূত্র ও পুলিশ জানায়, পারিবারিক কবরস্থানকে কেন্দ্র করে বুধবার বিএনপি-সমর্থক আশিক ও জামায়াত-সমর্থক সাত্তারের মধ্যে বিরোধ বাধে। ওই ঘটনায় সাত্তার আহত হন। এর জেরে বৃহস্পতিবার বিকেলে ইউনিয়ন জামায়াতের সভাপতি শের আলীর নেতৃত্বে একটি মিছিল বের হয়। আসরের নামাজের পর দুই পক্ষ মুখোমুখি হলে উত্তেজনা বাড়ে এবং একপর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়।

সংঘর্ষে জামায়াতের মাসুদ কামাল, বুখারী, জাহাঙ্গীর হোসেন ও আহাদ মোল্লাসহ চারজন আহত হন। অপরদিকে বিএনপির ইকবাল, খালিদ শেখ, ইউসুফ হোসেন ও ফোরকানসহ পাঁচজন আহত হয়েছেন।

খবর পেয়ে অভয়নগর আর্মি ক্যাম্পের টহল দল ও থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। জড়িতদের শনাক্ত করে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রস্তুতি চলছে বলে জানিয়েছে পুলিশ।

অভয়নগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এস এম নুরুজ্জামান বলেন, ঘটনার পরপরই পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এখনো কোনো পক্ষ লিখিত অভিযোগ দেয়নি; অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।